



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/ Fax-8189029

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.০০২৫.১২- ২২৩৬


তারিখঃ ২৬/১০/২০১৪ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ একিভূত 'সঞ্চয় ও ঋণ খতিয়ান' সংগ্রহ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)” শীর্ষক প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকারপ্রাপ্ত নারীর ক্ষমতায়ন, পল্লী উন্নয়ন ও দরিদ্র বিমোচন প্রকল্প। প্রকল্পের সুফলভোগীদের জমাকৃত সঞ্চয় ও ঋণ কার্যক্রমের তথ্য আবশ্যিক ভাবে সংরক্ষণ করতে সদস্য পাশবহি ও সাপ্তাহিক আদায় শীট (WCS) এবং অন্যান্য খাতাপত্র ব্যবহারের পাশাপাশি উপজেলা দপ্তরে প্রত্যেক সমিতির নামে পৃথক খতিয়ানে/রেজিস্টারে সদস্যওয়ারী তথ্য সংরক্ষণের নির্দেশনা প্রদান করা হয়। প্রকল্পভুক্ত সকল উপজেলায় ‘সঞ্চয় ও ঋণ খতিয়ান’ যাতে একই রকম হয় সে জন্য সংশ্লিষ্ট কার্যক্রমে অভিজ্ঞ ‘তিনু প্রিন্টিং প্রেস, টিকাটুলি, ঢাকা কে অত্র দপ্তরের স্মারক নং ২১৬১ তারিখঃ ২৮/৯/২০১৪ খি: মূলে ‘সঞ্চয় ও ঋণ খতিয়ান’ ছাপানো এবং প্রকল্পভুক্ত প্রতিটি উপজেলায় ৩০ (ত্রিশ) কপি করে সরবরাহের আদেশ দেয়া হয়। ইতিমধ্যে ‘তিনু প্রিন্টিং প্রেস ‘সঞ্চয় ও ঋণ খতিয়ান’ ছাপানোর কাজ সম্পূর্ণ করেছে।

এমতাবস্থায়, ‘তিনু প্রিন্টিং প্রেস, টিকাটুলি, ঢাকা মোবাইল নং-০১৭১৫১০৬২৫১, এর সাথে যোগাযোগ করে প্রকল্পভুক্ত প্রতিটি উপজেলায় প্রয়োজনীয় সংখ্যক ‘সঞ্চয় ও ঋণ খতিয়ান’ সংগ্রহ করার জন্য বলা হলো। প্রসঙ্গত উল্লেখ্য প্রতি উপজেলায় ৩০ (ত্রিশ) কপি ‘সঞ্চয় ও ঋণ খতিয়ান’ এর মূল্য বাবদ প্রয়োজনীয় অর্থ যথাসময়ে প্রকল্প হতে ছাড় করা হবে।

২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারি করা হলো।


মোহাম্মদ মহিদুর রহমান মোল্লা
উপ প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৩

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. প্রকল্প পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি,.....জেলা।
৩. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,..... উপজেলা,.....জেলা।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন অফিসার (ইরেসপো),..... উপজেলা,.....জেলা।
৬. ম্যানেজার, তিনু প্রিন্টিং প্রেস, ২৭ কেএম দাসলেন, টিকাটুলি, ঢাকা।
৭. অফিস কপি।